Microcredit Regulatory Authority
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেঁশা প্লাজা (৭ম তলা)
০৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, ঢাকা-১২১৭



ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিল হতে স্থায়ী সম্পদ অর্জন/ক্ষুদ্রঋণ বহির্ভূত সামাজিক কার্যক্রম/পুঁজিবাজার হতে তহবিল সংগ্রহ এবং মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন প্রাপ্তির ক্ষেত্রে (আবেদন পত্রের সাথে) দাখিলযোগ্য দলিলাদি/তথ্যের চেক লিস্ট

জমি/ভবন/ফ্লাট ক্রয় বিষয়ক চেকলিস্ট

১. ক্রেতব্য/ক্রয়যোগ্য জমি/ভবন/ফ্লাট এর পরিমাণ/সংখ্যা;
২. নিবন্ধন খরচসহ ক্রেতব্য সম্পদের সম্ভাব্য মূল্য;
৩. ক্রয়ের উদ্দেশ্য ও যৌক্তিকতা;
৪. ক্রয় বিষয়ক পরিচালনা পর্ষদের অনুমোদনের কপি (ক্রয় কার্যে সম্ভাব্য ব্যয়ের পরিমাণ উল্লেখসহ);
৫. ক্রেতব্য/ক্রয়যোগ্য জমি/ভবন/ফ্লাট এর মূল্যসহ স্থায়ী সম্পদের মূল্য ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্তের ৩৫% (সংরক্ষিত তহবিল গঠনের পর) এর উর্ধ্বে নয় মর্মে নিশ্চিতকরণ;
৬. প্রতিষ্ঠানের বিদ্যমান জমি/ভবন/ফ্লাট এর পরিমাণ/সংখ্যা ও এর ব্যবহার (ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিলের অর্থে ও অন্যান্য অর্থে ক্রীত সম্পদের জন্য আলাদা আলাদাভাবে বিবরণ);
৭. প্রতিষ্ঠানের আবেদনের পূর্ববর্তী মাসের আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
৮. গত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণীর);
৯. চলতি অর্থবছরে ক্রীত (প্রযোজ্য ক্ষেত্রে) স্থায়ী সম্পদের (জমি/ভবন/ফ্লাট/গাড়ি) মূল্যসহ তালিকা ইত্যাদি;
১০. সম্পদ অর্জনের প্রক্রিয়া (এতদ বিষয়ক কমিটিসহ বিস্তারিত তথ্য); এবং
১১. বর্ণিত সম্পদ হতে পরবর্তী ৩ বছরে প্রতিষ্ঠানের সম্ভাব্য অর্জন (আয়-ব্যয়)।

গাড়ি ক্রয় বিষয়ক চেকলিস্ট

১. প্রতিষ্ঠানের বিদ্যমান গাড়ির সংখ্যা ও এর ব্যবহার (ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিলের অর্থে ও অন্যান্য অর্থে ক্রীত সম্পদের জন্য আলাদা আলাদাভাবে বিবরণ);
২. ক্রেতব্য/ক্রয়যোগ্য গাড়ির সংখ্যা;
৩. নিবন্ধন খরচসহ ক্রেতব্য সম্পদের সম্ভাব্য মূল্য;
৪. ক্রয় বিষয়ক পরিচালনা পর্ষদের অনুমোদনের কপি (ক্রয় কার্যে সম্ভাব্য ব্যয়ের পরিমাণ উল্লেখসহ);
৫. গাড়ি ক্রয়ের উদ্দেশ্য ও যৌক্তিকতা;
৬. গাড়ি ক্রয়ে ন্যূনতম ৩ (তিন) টি দরপত্রসহ মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন পত্র;
৭. প্রতিষ্ঠানের আবেদনের পূর্ববর্তী মাসের আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
৮. গত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
৯. ক্রেতব্য/ক্রয়যোগ্য গাড়ির মূল্যসহ স্থায়ী সম্পদের মূল্য ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্তের ৩৫% (সংরক্ষিত তহবিল গঠনের পর) এর উর্ধ্বে নয় মর্মে নিশ্চিতকরণ;
১০. চলতি অর্থবছরে ক্রীত (প্রযোজ্য ক্ষেত্রে) স্থায়ী সম্পদের (জমি/ভবন/ফ্লাট/গাড়ি) মূল্যসহ তালিকা ইত্যাদি; এবং
১১. বর্ণিত সম্পদ হতে পরবর্তী ৩ বছরে প্রতিষ্ঠানের সম্ভাব্য অর্জন (আয়-ব্যয়)।

ভবন নির্মাণ বিষয়ক চেকলিস্ট

১. নির্মিতব্য ভবনের জমির দলিল, খাজনার দাখিলা ও নামজারির কপি ইত্যাদি;
২. ভবন নির্মাণের উদ্দেশ্য ও যৌক্তিকতা;
৩. ভবন নির্মাণে সম্ভাব্য ব্যয়, অর্থবছর ভিত্তিক ব্যয় বিভাজন;
৪. ভবন নির্মাণে পরিচালনা পর্ষদের অনুমোদনের কপি (সম্ভাব্য ব্যয়ের পরিমাণ উল্লেখসহ);
৫. প্রতিষ্ঠানের বিদ্যমান ভবনের সংখ্যা ও এর ব্যবহার;
৬. প্রতিষ্ঠানের আবেদনের পূর্ববর্তী মাসের আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
৭. গত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
৮. নির্মিতব্য ভবনের মূল্যসহ স্থায়ী সম্পদের মূল্য ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্তের ৩৫% (সংরক্ষিত তহবিল গঠনের পর) এর উর্ধ্বে নয় মর্মে নিশ্চিতকরণ;
৯. চলতি অর্থবছরে ক্রীত স্থায়ী সম্পদের (জমি/ভবন/ফ্লাট/গাড়ি) মূল্যসহ তালিকা ইত্যাদি;
১০. সম্পদ ক্রয়/অর্জনের প্রক্রিয়া (এতদ বিষয়ক কমিটিসহ বিস্তারিত তথ্য); এবং
১১. বর্ণিত সম্পদ হতে পরবর্তী ৩ বছরে প্রতিষ্ঠানের সম্ভাব্য অর্জন (আয়-ব্যয়)।

হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্র/ট্রেনিং সেন্টার নির্মাণ বিষয়ক চেকলিস্ট

১. প্রতিষ্ঠানের বিদ্যমান হাসপাতালের/ট্রেনিং সেন্টার এর সংখ্যা;
২. হাসপাতাল/ট্রেনিং সেন্টার নির্মাণে সম্ভাব্য ব্যয়, অর্থবছর ভিত্তিক ব্যয় বিভাজন;
৩. নির্মিতব্য হাসপাতাল/ট্রেনিং সেন্টার এর জমির দলিল, খাজনার দাখিলা ও নামজারির কপি ইত্যাদি;
৪. হাসপাতাল/ট্রেনিং সেন্টার নির্মাণে পরিচালনা পর্ষদের অনুমোদনের কপি (সম্ভাব্য ব্যয়ের পরিমাণ উল্লেখসহ);
৫. হাসপাতাল/ট্রেনিং সেন্টার নির্মাণের উদ্দেশ্য ও যৌক্তিকতা;
৬. বর্ণিত কার্যক্রম হতে গ্রাহকগণের প্রাপ্য সম্ভাব্য সুবিধাসমূহ;
৭. নির্মিতব্য হাসপাতাল/ট্রেনিং সেন্টার এর ৩ (তিন) অর্থবছরের প্রক্ষেপিত আয়-ব্যয় বিবরণী;
৮. প্রতিষ্ঠানের আবেদনের পূর্ববর্তী মাসের আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
৯. গত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
১০. নির্মিতব্য হাসপাতাল/ট্রেনিং সেন্টার এর মূল্যসহ স্থায়ী সম্পদের মূল্য ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্তের ৩৫% (সংরক্ষিত তহবিল গঠনের পর) এর উর্ধ্বে নয় মর্মে নিশ্চিতকরণ;
১১. চলতি অর্থবছরে ক্রীত স্থায়ী সম্পদের (জমি/ভবন/ফ্লাট/গাড়ি/হাসপাতাল/_স্বাস্থ্য কেন্দ্র/ট্রেনিং সেন্টার) মূল্যসহ তালিকা ইত্যাদি; এবং
১২. সম্পদ অর্জনের প্রক্রিয়া (এতদ বিষয়ক কমিটিসহ বিস্তারিত তথ্য)।

ক্ষুদ্রঋণ বহির্ভূত সামাজিক কার্যক্রমে অর্থ ব্যয় বিষয়ক চেকলিস্ট

অথরিটির ৩১/১০/২০১৮ তারিখের এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৮ অনুসরণে নিম্নোক্ত দলিলাদিসহ আবেদন দাখিল করতে হবে:

১. কার্যক্রম/কর্মসূচীর বিবরণ (লক্ষ্য, উদ্দেশ্য, উপকারভোগীর বিবরণ ও সংখ্যা, কার্যক্রম সংশ্লিষ্ট এলাকা প্রভৃতি বিষয়ে বিস্তারিত তথ্য);
২. ক্ষুদ্রঋণ বহির্ভূত কার্যক্রমের খাতভিত্তিক বিস্তারিত তথ্যসহ সম্ভাব্য আয়-ব্যয় বিবরণী বা প্রকল্পের বাজেট বিবরণী;
৩. কার্যক্রমের জন্য দাতা/সহযোগী সংস্থা কর্তৃক প্রণীত/অনুমোদিত বাজেটের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
৪. কার্যক্রম পরিচালনা বিষয়ে প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের/রজুলেশনের কপি (খাত ভিত্তিক ব্যয়ের পরিমাণ উল্লেখসহ);
৫. গত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
৬. পূর্ববর্তী অর্থবছরের জন্য অথরিটি কর্তৃক অনুমোদিত অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে);
৭. ক্ষুদ্রঋণ বহির্ভূত কার্যক্রম সংক্রান্ত অন্যান্য তথাদি (যদি থাকে);
৮. প্রস্তাবিত অর্থবছরে ব্যয়িতব্য অর্থের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের আয় উদ্বৃত্তের ২০% এর মধ্যে সীমাবদ্ধ রেখে বাজেট প্রণয়ন;

ক্ষুদ্রঋণ বহির্ভূত লাভজনক কার্যক্রম/মোবাইল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং/শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা বিষয়ক চেকলিস্ট

১. পরিচালনা পর্ষদের অনুমোদনের কপি (সম্ভাব্য ব্যয়ের পরিমাণ উল্লেখসহ);
২. উদ্দেশ্য ও যৌক্তিকতা;
৩. দাতা সংস্থার বাজেট (প্রযোজ্য ক্ষেত্রে);
৪. বর্ণিত ক্ষুদ্রঋণ বহির্ভূত লাভজনক কার্যক্রমের ৩ (তিন) অর্থবছরের সম্ভাব্য আয়-ব্যয় বিবরণী;
৫. বর্ণিত কার্যক্রম হতে ক্ষুদ্রঋণের গ্রাহকগণের প্রাপ্য সম্ভাব্য সুবিধাসমূহ;
৬. প্রতিষ্ঠানের আবেদনের পূর্ববর্তী মাসের আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী);
৭. গত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (স্থিতিপত্র ও আয়-ব্যয় বিবরণী)।

পুঁজিবাজার হতে তহবিল সংগ্রহ বিষয়ক চেকলিস্ট

অথরিটির ১৭/০৬/২০২১ তারিখের এমআরএ/সার্কুলার লেটার নং-৬১ এ বর্ণিত গাইডলাইন-এর আলোকে নিম্নোক্ত সংযুক্তিসহ আবেদন দাখিল করতে হবে:-

১. হালনাগাদ ক্রেডিট রেটিং রিপোর্ট (স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী);
২. বন্ড চুক্তির বিস্তারিত বর্ণনা;
৩. বন্ড ইস্যু বিষয়ে পরিচালনা পর্ষদের অনুমোদন;
৪. নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণক হিসেবে সাধারণ পর্ষদ ও পরিচালনা পর্ষদের কার্যবিবরণী;
৫. তারল্য সংরক্ষণ ও সংরক্ষিত তহবিলের সমর্থনে এফডিআর এর কপি, এফডিআর এর হালনাগাদ ব্যাংক বিবরণী, ক্যাশ এ্যাট ব্যাংক এর সমর্থনে হালনাগাদ ব্যাংক বিবরণী।

মেয়াদী আমানত গ্রহণ বিষয়ক চেকলিস্ট

মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে নিম্নোক্ত ফরমেট অনুসরণে আবেদন দাখিল করতে হবে:-

এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

বিষয়: মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমাদের প্রতিষ্ঠানটি.....তারিখে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি হতে সনদ (সনদ নং-.....) লাভ করে। সনদ প্রাপ্তির পর থেকে প্রতিষ্ঠানটি অথরিটির বিধিবিধান অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে প্রতিষ্ঠানটি .....টি জেলায়... ...টি শাখার মাধ্যমে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে। গ্রাহকের চাহিদায় আমরা মেয়াদী আমানত প্রকল্প চালু করতে আগ্রহী। ষাণ্মাসিক প্রতিবেদন, নিরীক্ষা বিবরণী ও সংশ্লিষ্ট অন্যান্য দলিলাদি পর্যালোচনায় আমাদের প্রতিষ্ঠান কর্তৃক মেয়াদী আমানত গ্রহণ বিষয়ক শর্তাদি পরিপালনে প্রতিষ্ঠানের অবস্থা নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক</th><th>মেয়াদী আমানত গ্রহণের শর্ত (এমআরএ বিধিমালা, ২০১০ এর বিধি ২৯ অনুযায়ী) ও অন্যান্য বিধিবিধান</th><th>শর্ত পূরণে প্রতিষ্ঠানের অবস্থা</th></tr>
<tr><td>১</td><td>ক) ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।</td><td>ক্ষুদ্রঋণ কার্যক্রম শুরু করা বিষয়ক অথরিটিতে ইতঃপূর্বে দাখিলি প্রতিষ্ঠানের ঘোষণার ছায়ালিপি (সংযুক্তি- ১)</td></tr>
<tr><td>২</td><td>খ) সর্বশেষ ৫ বছর লাভজনকভাবে প্রতিষ্ঠান পরিচালনার দালিলিক প্রমাণ থাকতে হবে।</td><td>
<table>
<tr><th>ক্রমিক</th><th>অর্থ বছর</th><th>লাভের পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>২০১৬-১৭</td><td></td><td></td></tr>
<tr><td>২</td><td>২০১৭-১৮</td><td></td><td></td></tr>
<tr><td>৩</td><td>২০১৮-১৯</td><td></td><td></td></tr>
<tr><td>৪</td><td>২০১৯-২০</td><td></td><td></td></tr>
<tr><td>৫</td><td>২০২০-২১</td><td></td><td></td></tr>
</table>
(সংযুক্তি-২: বিগত পাঁচ বছরের নিরীক্ষা প্রতিবেদন এর আয়-ব্যয় বিবরণী ও উদ্বৃত্তপত্রের ছায়ালিপি)
</td></tr>
<tr><td>৩</td><td>গ) বিগত ১০ বছরের ঋণ আদায়ের ক্রমপুঞ্জিভূত হার ন্যূনতম ৯৫% এবং চলতি ঋণ আদায়ের হার ৯০% এর কম হবে না।</td><td>
<table>
<tr><th>ক্রমিক</th><th>অর্থ বছর</th><th>ক্রমপুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>চলতি ঋণ আদায়ের হার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>২</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৩</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৪</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৫</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৬</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৭</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৮</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৯</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>১০</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
(সংযুক্তি- ৩: ১০ বছরের ঋণ আদায়ের ক্রমপুঞ্জিভূত হার সংশ্লিষ্ট ষাণ্মাসিক/নিরীক্ষা প্রতিবেদনের অংশের ছায়ালিপি)
</td></tr>
<tr><td>৪</td><td>ঘ) বিধি ৩৪ এর উপবিধি (১) অনুযায়ী মোট আমানতের অর্থের ১৫% তারল্য সঞ্চিতি হিসেবে তফসিলভুক্ত ব্যাংক হিসাবে সংরক্ষণ করতে হবে।</td><td>আমানতের বিপরীতে তারল্য সংরক্ষণ
<table>
<tr><th rowspan="2">ভিত্তি সময় জুন/ডিসেম্বর</th><th rowspan="2">সঞ্চয়স্থিতি</th><th rowspan="2">প্রযোজ্য তারল্যের পরিমাণ</th><th colspan="2">প্রকৃত তারল্য সংরক্ষণ</th><th rowspan="2">সংরক্ষিত তারল্যের হার</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>এফডিআর</th><th>ব্যাংক স্থিতি</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
(সংযুক্তি- ৪: এফডিআর ও ব্যাংক বিবরণীর হালনাগাদ ছায়ালিপি টপসীটসহ)
</td></tr>
<tr><td>৫</td><td>ঙ) মোট মেয়াদী আমানতের পরিমাণ পৃথকভাবে প্রতিষ্ঠানের পুঁজির ২৫% এর অধিক হবে না।</td><td>মেয়াদী আমানত গ্রহণ করা হচ্ছে না মর্মে তথ্য প্রদান এবং মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন প্রাপ্তির পর বিষয়টি পরিপালন করা হবে মর্মে অঙ্গীকার প্রদান
(সংযুক্তি- ৫)</td></tr>
<tr><td>৬</td><td>প্রতিষ্ঠানের মোট উদ্বৃত্তের ১০% অর্থ দ্বারা সংরক্ষিত তহবিল গঠন করতে হবে, বিধি-২০(১) অনুযায়ী।</td><td>(সংযুক্তি - ৬: এফডিআর ও ব্যাংক বিবরণীর হালনাগাদ ছায়ালিপি টপসীটসহ)
<table>
<tr><th>ভিত্তি সময় জুন/ডিসেম্বর</th><th>ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্ত</th><th>প্রযোজ্য সংরক্ষিত তহবিলের পরিমাণ</th><th>প্রকৃত সংরক্ষণ</th><th>সংরক্ষিত তহবিলের হার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
</td></tr>
<tr><td>৭</td><td>প্রতিষ্ঠানের সঞ্চয়স্থিতি ও ঋণস্থিতির অনুপাত ৮০:১০০ হতে হবে, বিধি-২৭(২) অনুযায়ী।</td><td>
<table>
<tr><th>ভিত্তি সময় জুন/ডিসেম্বর</th><th>ঋণস্থিতি</th><th>সঞ্চয়স্থিতি</th><th>সঞ্চয়স্থিতি ঋণস্থিতির %</th><th>মন্তব্য</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
(সংযুক্তি - ৭: আর্থিক বিবরণীর ছায়ালিপি)
</td></tr>
<tr><td>৮</td><td>প্রতিষ্ঠানের ঋণগ্রহীতা ও গ্রাহক সংখ্যার অনুপাত ৭০:১০০ হতে হবে, বিধি-১৩(৩) অনুযায়ী।</td><td>
<table>
<tr><th>ভিত্তি সময় জুন/ডিসেম্বর</th><th>সদস্য সংখ্যা</th><th>ঋণগ্রহীতা</th><th>ঋণগ্রহীতা ও সদস্যের %</th><th>মন্তব্য</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
(সংযুক্তি - ৮: ষাণ্মাসিক প্রতিবেদনের সংশ্লিষ্ট পৃষ্ঠার ছায়ালিপি)
</td></tr>
<tr><td>৯</td><td>নীতিমালা প্রণয়নপূর্বক দলিলাদি সংযুক্ত করতে হবে</td><td>সংযুক্তি - ৯</td></tr>
<tr><td>১০</td><td>পরিচালনা পর্ষদের অনুমোদন</td><td>সংযুক্তি - ১০</td></tr>
</table>

সার্বিক বিষয়াদি পর্যালোচনায় গ্রাহকদের নিকট হতে মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন প্রদানের জন্য অথরিটিকে অনুরোধ করা হলো।

(প্রধান নির্বাহী কর্মকর্তা)